



চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

তারিখ: ১৮/০২/২০২৪

বিজ্ঞপ্তি নং- ২৭

অধ্যক্ষ কলেজ হতে ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন

সংক্রান্ত নিয়মাবলি নিম্নে দেওয়া হলো :

- ০১। যারা ২০১৯ সালে বা তৎপূর্বে এস এস সি বা সমমানের পরীক্ষায় পাশ করেছে এবং ২০১৮ সালে বা তৎপূর্বে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে যারা এস এস সি বা সমমানের পরীক্ষায় পাশ করেছে তারা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক প্রাইভেট পরীক্ষায় রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- ০২। পাঠ্যসূচী : পরীক্ষার্থীগণ নতুন পাঠ্যসূচী অনুযায়ী (২০২৪ সালের) পরীক্ষায় অংশগ্রহণ করবে। পরীক্ষা পরিচালনার নিয়মাবলি প্রাইভেট পরীক্ষার্থীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।
- ০৩। শিক্ষক, পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে চাকুরীরত ব্যক্তি এবং শারীরিক কিংবা দৃষ্টি প্রতিবন্ধী ব্যতীত অন্যান্য সকল পর্যায়ে প্রাইভেট পরীক্ষার্থীদের বোর্ড নির্ধারিত কলেজের মাধ্যমে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ০৪। প্রাইভেট পরীক্ষার্থীরা কেবলমাত্র মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করতে পারবে। তবে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয় ব্যতীত) যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয় নেয়া যাবে না।
- ০৫। প্রাইভেট পরীক্ষার্থীগণ ৪র্থ বিষয় গ্রহণ করতে পারবে না।
- ০৬। সকল পর্যায়ে প্রাইভেট পরীক্ষার্থীগণকে ২২/০২/২০২৪ তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) কলেজ অফিস হতে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরম সংগ্রহ করে রেজিস্ট্রেশন এর জন্য আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে এস এস সি / সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও নম্বরপত্রের দুটি ফটোকপি জমা দিতে হবে। তা ছাড়া আবেদন ফরমের সঙ্গে সদ্যতোলা দু'কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি জমা দিতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এস এস সি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল নম্বরপত্রে অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক **Verified & Found Correct** লেখা থাকতে হবে। যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস এস সি / সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল নম্বরপত্রে অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক **Verified & Found Correct** লেখা থাকতে হবে। যে সকল শিক্ষার্থী ১৯৯৯ সনের পূর্বে মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে এস এস সি / সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের বেলায়ও একই নিয়ম প্রযোজ্য হবে। কোন অবস্থাতেই ট্রান্সক্রিপ্ট এর পরিবর্তে মাধ্যমিক পরীক্ষার সনদপত্র দিয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করা যাবে না।
- ০৭। আবেদন পত্রের সঙ্গে বোর্ডের নিয়ম অনুযায়ী যেসকল কাগজপত্র দাখিল করতে হবে :
 - ক) যেকোন গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থীত পরীক্ষার অন্ততপক্ষে ০২ বৎসর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজের শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কার হয়নি অথবা হয়ে থাকলেও মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
 - খ) শিক্ষক পদে কর্মরত প্রার্থীদের বেলায় ০৩ বছর পূর্ণ হয়েছে মর্মে প্রত্যয়নপত্র এবং পুলিশ/প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় ০১ বছর যাবত সক্রিয়ভাবে চাকুরিতে কর্মরত আছে এই মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের/সমপর্যায়ের কর্মকর্তার নিকট হতে সীলমোহরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।
- ০৮। যে সকল প্রাইভেট পরীক্ষার্থী নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদের আবশ্যিক বাংলা এবং ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়সহ অন্য যে কোন তিনটি নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। প্রত্যেক বিষয়ের পূর্ণমান ১০০ নম্বর এবং সময়কাল হবে ০৩ ঘণ্টা।
- ০৯। প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন একটি পরীক্ষার জন্য বলবৎ থাকবে।
- ১০। প্রাইভেট পরীক্ষার্থীদের গৃহীত সমূহ পাঠ্যসূচীতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভূত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ১১। কোন কারণ না দেখিয়ে যে কোন পরীক্ষার্থীর আবেদন অগ্রাহ্য বা বাতিল করার ক্ষমতা বোর্ডে সংরক্ষিত থাকবে। সকল প্রাইভেট পরীক্ষার্থী বোর্ডের পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি মেনে চলতে বাধ্য থাকবে।
- ১২। প্রাইভেট পরীক্ষার্থীরা যে কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করবে সে কলেজের নির্ধারিত কেন্দ্রে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।
- ১৩। প্রাইভেট পরীক্ষার্থীদের কলেজের ক্যাশ শাখা হতে রেজিস্ট্রেশন ফিস বাবদ ৬৩০/- (ছয়শত ত্রিশ টাকা) টাকার রশিদ সংগ্রহ করে রূপালী ব্যাংক নাজিরপাড়া শাখায় টাকা জমা দিয়ে আবেদনের সঙ্গে রশিদের একটি কপি সংযুক্ত করে কলেজ অফিসে জমা দিতে হবে।

অনুলিপি:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
- ২। কলেজ ওয়েব সাইট (www.chandpurcollege.edu.bd) ও নোটিশ বোর্ড।
- ৩। অফিস নথি।

১৮/০২/২০২৪

অধ্যক্ষ

চাঁদপুর সরকারি কলেজ

চাঁদপুর

অধ্যক্ষ

চাঁদপুর সরকারি কলেজ

চাঁদপুর

১৮/০২/২০২৪